

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৮, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তর

প্রজ্ঞাপন

তারিখ, ২৭ মে ২০০৯ খ্রিস্টাব্দ/১৩ জ্যৈষ্ঠ ১৪১৬ বঙ্গাব্দ

এস, আর, ও নং ৮৯-আইন/২০০৯।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারি কর্মকমিশন,
- (খ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল,
- (গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা,
- (ঘ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ,
- (ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা,

(৪১১১)

মূল্য : টাকা ৬.০০

(চ) “শিক্ষানবিস” অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি,

(ছ) “স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড” অর্থ বিদ্যমান কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড, এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্যপূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে,

(খ) পদোন্নতির মাধ্যমে, এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত নির্ধারিত প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইবে।

৪। সরাসরি নিয়োগ পদ্ধতি।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে, যদি—

- (ক) বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষ, তদকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈনিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং
- (খ) বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত সাপেক্ষে তিনি প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য উপযুক্ত বিবেচিত হন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

- (ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরমে, যদি থাকে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন, এবং
- (খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিয়া স্থায়ী উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন কর্মকর্তা বা কর্মচারীর সার্ভিস রেকর্ড সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসকাল।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে দুই বৎসর; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসর, শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিবাহিত করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, শিক্ষানবিসের মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাঁহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাঁহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ,বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ,—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাঁহার চাকুরী স্থায়ী করিবে, এবং

(খ) যদি মনে করেন যে উক্ত মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সম্পাদনের মান সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ,—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে এতদুদ্দেশ্যে সময় সময় যে, পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) Gazetted officers and Staff (Patent Office) Recruitment Rules, 1984; Gazetted Officers (Trademarks Registry) Recruitment Rules, 1985; এবং Trademarks Registry (Non-Gazetted Staff) Recruitment Rules, 1984 এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও—

(ক) উক্ত রহিত বিধিমালাসমূহের অধীন গৃহীত কোন ব্যবস্থা বা কৃত কোন কার্যের বৈধতা ক্ষুণ্ণ হইবে না, এবং

(খ) উক্ত রহিত বিধিমালাসমূহের অধীন নিয়োজিত ও কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ এই নিয়োগ বিধিমালার অধীন পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তরে স্ব-স্ব পদে নিয়োগপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন।

তফসিল

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১।	রেজিস্ট্রার	-	পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য কোন কর্মকর্তা পাওয়া না গেলে অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) ডেপুটি রেজিস্ট্রার(পেটেন্টস ও ডিজাইনস)/ডেপুটি রেজিস্ট্রার (ট্রেডমার্কস)/ডেপুটি রেজিস্ট্রার (ড্রিলিউটিও এবং আন্তর্জাতিক বিষয়ক)/ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ) পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের কাজের অভিজ্ঞতা, এবং (খ) পেটেন্টস, ডিজাইনস ও (ট্রেডমার্কস অধিদপ্তরে ২০ (বিশ) বৎসরের চাকুরী।
২।	ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ)	-	পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য কোন কর্মকর্তা পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (পেটেন্টস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ডিজাইনস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ট্রেডমার্কস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী, এবং (খ) পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তরে ১ম শ্রেণীর পদে ১৫ (পনের) বৎসরের চাকুরী।
৩।	ডেপুটি রেজিস্ট্রার (ড্রিলিউটিও এবং আন্তর্জাতিক বিষয়ক)	-	পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য কোন কর্মকর্তা পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (পেটেন্টস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ডিজাইনস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ট্রেডমার্কস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী, এবং (খ) পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তরে ১ম শ্রেণীর পদে ১৫ (পনের) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
৪।	ডেপুটি রেজিস্ট্রার (পেটেন্ট ও ডিজাইন)	-	পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য কোন কর্মকর্তা পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (পেটেন্টস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ডিজাইনস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ট্রেডমার্কস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী, এবং (খ) পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তরে ১ম শ্রেণীর পদে ১৫ (পনের) বৎসরের চাকুরী।
৫।	ডেপুটি রেজিস্ট্রার (ট্রেডমার্কস)	-	পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য কোন কর্মকর্তা পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	(ক) এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (পেটেন্টস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ডিজাইনস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ট্রেডমার্কস)/এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী, এবং (খ) পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তরে ১ম শ্রেণীর পদে ১৫ (পনের) বৎসরের চাকুরী।
৬।	এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (পেটেন্টস)	-	পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য কোন কর্মকর্তা পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	এক্সামিনার (পেটেন্টস) হিসাবে ৭ (সাত) বৎসরের চাকুরী।
	এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ডিজাইনস)	-	পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য কোন কর্মকর্তা পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	এক্সামিনার (ডিজাইনস) হিসাবে ৭ (সাত) বৎসরের চাকুরী।
	এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (ট্রেডমার্কস)	-	পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য কোন কর্মকর্তা পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	এক্সামিনার (ট্রেডমার্কস) হিসাবে ৭ (সাত) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
	এ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ)	-	পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য কোন কর্মকর্তা পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	এক্সামিনার পেটেন্টস/এক্সামিনার ডিজাইনস/এক্সামিনার ট্রেডমার্কস হিসাবে ৭ (সাত) বৎসরের চাকুরী।
৭।	এক্সামিনার, পেটেন্টস (পদার্থ)	অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/সমমান থাকতে হবে।
	এক্সামিনার, পেটেন্টস (রসায়ন)	-	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/সমমান থাকতে হবে।
	এক্সামিনার, পেটেন্টস (কৃষি)		সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/ সমমান থাকতে হবে।
	এক্সামিনার, পেটেন্টস (টেক্সটাইল প্রকৌশল)		সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/ সমমান থাকতে হবে।
	এক্সামিনার, পেটেন্টস (তড়িৎ প্রকৌশল)		সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/ সমমান থাকতে হবে।
	এক্সামিনার, পেটেন্টস (ফার্মেসি)		সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফার্মেসি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/সমমান থাকতে হবে।

১	২	৩	৪	৫
	এক্সামিনার, পেটেন্টস (জেনেটিক টেকনোলজি বা বায়োটেকনোলজি)		সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জেনেটিক টেকনোলজি/বায়োটেক- নোলজি বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/সম্মান থাকতে হবে।
	এক্সামিনার, পেটেন্টস (ইনফরমেশন ও কমিউনিকেশন টেকনোলজি)		সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইনফরমেশন ও কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/ সম্মান থাকতে হবে।
	এক্সামিনার, পেটেন্টস (যন্ত্র প্রকৌশল)		সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্র প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/ সম্মান থাকতে হবে।
	এক্সামিনার, পেটেন্টস (জৈব রসায়ন বা প্রাণ- রসায়ন)		সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জৈব রসায়ন বা প্রাণ-রসায়ন বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/সম্মান থাকতে হবে।
	এক্সামিনার (ডিজাইনস)		সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানের যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/সম্মান থাকতে হবে, অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্র প্রকৌশল/রসায়ন প্রকৌশল/তড়িৎ প্রকৌশল/কম্পিউটার বিজ্ঞান ও কম্পিউটার প্রকৌশল/টেলিটাইল প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/ সম্মান থাকতে হবে।

১	২	৩	৪	৫
	এক্সামিনার (ট্রেডমার্কস)		৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ২০% পদোন্নতির মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে-</p> <p>সহকারী পরীক্ষক (ট্রেডমার্কস), প্রশাসনিক কর্মকর্তা বা গ্রন্থাগারিক, পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ আইন বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/ সমমান থাকিতে হইবে।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে-</p> <p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী/ সমমান থাকিতে হইবে।</p>
(০৮)	এসিস্ট্যান্ট ট্রেডমার্কস এক্সামিনার	—	পদোন্নতির মাধ্যমে।	<p>(ক) প্রধান সহকারী/হিসাব রক্ষক/ উচ্চমান সহকারী/সাঁট-লিপিকার/সাঁট- মুদ্রাক্ষরিক পদসমূহের ক্ষেত্রে এক বা একাধিক পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী, অথবা</p> <p>(খ) কম্পিউটার অপারেটর বা নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে এক বা একাধিক পদে অনূন ৭ (সাত) বৎসরের চাকুরী।</p>
(০৯)	প্রশাসনিক কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে—</p> <p>(ক) প্রধান সহকারী/হিসাব রক্ষক/ উচ্চমান সহকারী/সাঁট-লিপিকার/সাঁট- মুদ্রাক্ষরিক পদসমূহের ক্ষেত্রে এক বা একাধিক পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী, অথবা</p> <p>(খ) কম্পিউটার অপারেটর বা নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে এক বা একাধিক পদে অনূন ৭ (সাত) বৎসরের চাকুরী।</p>

১	২	৩	৪	৫
				<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে—</p> <p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে দ্বিতীয় শ্রেণী বা সমমান থাকিতে হইবে।</p>
(১০)	গ্রন্থাগারিক	—	সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সাইন্স বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী বা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ লাইব্রেরী সাইন্সে ডিপ্লোমা।</p>
(১১)	সাঁট-লিপিকার	—	সরাসরি নিয়োগের মাধ্যমে।	সংস্থাপন মন্ত্রণালয়ের সর্বশেষ নিয়োগবিধি অনুযায়ী।
(১২)	প্রধান সহকারী	—	পদোন্নতির মাধ্যমে।	সংস্থাপন মন্ত্রণালয়ের সর্বশেষ নিয়োগবিধি অনুযায়ী।
(১৩)	উচ্চমান সহকারী	—	পদোন্নতির মাধ্যমে।	সংস্থাপন মন্ত্রণালয়ের সর্বশেষ নিয়োগবিধি অনুযায়ী।
(১৪)	হিসাব রক্ষক	—	পদোন্নতির মাধ্যমে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	সংস্থাপন মন্ত্রণালয়ের সর্বশেষ নিয়োগবিধি অনুযায়ী।
(১৫)	সাঁট-মুদ্রাক্ষরিক	—	সরাসরি নিয়োগের মাধ্যমে।	সংস্থাপন মন্ত্রণালয়ের সর্বশেষ নিয়োগবিধি অনুযায়ী।
(১৬)	কম্পিউটার অপারেটর	—	সরাসরি নিয়োগের মাধ্যমে।	সংস্থাপন মন্ত্রণালয়ের সর্বশেষ নিয়োগবিধি অনুযায়ী।
(১৭)	নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক	—	সরাসরি নিয়োগের মাধ্যমে।	সংস্থাপন মন্ত্রণালয়ের সর্বশেষ নিয়োগবিধি অনুযায়ী।

১	২	৩	৪	৫
(১৮)	ক্যাশিয়ার	—	সরাসরি নিয়োগের মাধ্যমে।	সংস্থাপন মন্ত্রণালয়ের সর্বশেষ নিয়োগবিধি অনুযায়ী।
(১৯)	গাড়ী চালক	—	সরাসরি নিয়োগের মাধ্যমে।	সংস্থাপন মন্ত্রণালয়ের সর্বশেষ নিয়োগবিধি অনুযায়ী।
(২০)	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর	—	সরাসরি নিয়োগের মাধ্যমে।	সংস্থাপন মন্ত্রণালয়ের সর্বশেষ নিয়োগবিধি অনুযায়ী।
(২১)	রেকর্ড স্টার	—	পদোন্নতির মাধ্যমে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে— এম. এল. এস. এস পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে— কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(২২)	দপ্তরী	—	পদোন্নতির মাধ্যমে।	এম. এল. এস. এস পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
(২৩)	এম. এল. এস. এস	—	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(২৪)	নৈশ প্রহরী	—	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণী উত্তীর্ণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা খান

উপ-সচিব।

মোঃ আবুল কাসেম, অতিঃ নিয়ন্ত্রক, অতিরিক্ত দায়িত্বে, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd